



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2021

গভর্নর ক্যাথি হোকল

SUNY ও CUNY ক্যাম্পাস নিরাপদে পুনরায় খোলার জন্য বসন্ত সেমিস্টারের নির্দেশনা জারি করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

নিয়মিতভাবে ক্যাম্পাসে যাতায়াত করার পরিকল্পনা রয়েছে এমন সব শিক্ষার্থীর জন্য কোভিড-19 এর টিকার বুস্টার গ্রহণ এবং বাধ্যতামূলক পূর্ব-পরীক্ষার নির্দেশ প্রদান করা হয়েছে

সব ক্যাম্পাসের জন্য চলমান পরীক্ষার পরিকল্পনা আবশ্যিক করা হয়েছে

সব অনুষদ সদস্যকে টিকা গ্রহণ করতে হবে

গভর্নর ক্যাথি হোকল আজ SUNY ও CUNY ক্যাম্পাসের জন্য বসন্ত সেমিস্টারে পুনরায় খোলার নির্দেশনা জারির ঘোষণা দিয়েছেন যার মধ্যে শিক্ষার্থীদের টিকা গ্রহণের নির্দেশ অব্যাহত রাখা এবং বসন্ত সেমিস্টারে নিয়মিতভাবে ক্যাম্পাসে যাতায়াতকারী সব শিক্ষার্থীর জন্য কোভিড-19 বুস্টার গ্রহণ আবশ্যিক করা হয়েছে। শিক্ষার্থীদের জন্য বাড়তি আবশ্যিকতাগুলোর মধ্যে তাদের সেমিস্টারের জন্য ফিরে আসার আগে বাধ্যতামূলকভাবে পরীক্ষা করানোও অন্তর্ভুক্ত রয়েছে, যা নিয়মিতভাবে ক্যাম্পাসে যাতায়াত করার পরিকল্পনা রয়েছে এমন সব শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে। প্রতিটি ক্যাম্পাস সেমিস্টারব্যাপী পজিটিভ কেসের জন্য তদারকি করতে একটি চলমান পরীক্ষার পরিকল্পনা প্রণয়ন ও অবহিত করবে। কমিউনিটিগুলোকে কোভিড কেস বৃদ্ধির প্রতি সাড়া দানে সাহায্য করা অব্যাহত রাখার এই সময়ে ক্যাম্পাসগুলো টিকাগ্রহণের অবস্থা নির্বিশেষে ভবনের ভেতরে মাস্ক পরা এবং টিকা গ্রহণ করেননি এমন যেকোনো ব্যক্তির জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার নিয়ম নিউ ইয়র্ক স্টেট চালু রাখবে।

"নিউ ইয়র্কের শিক্ষার্থীরা যাতে বসন্ত সেমিস্টারব্যাপী স্কুলে থাকতে পারে এবং সরাসরি উপস্থিত হয়ে শিক্ষা গ্রহণ করতে পারে তা আমাদের নিশ্চিত করতে হবে," বলেছেন গভর্নর হোকল।

"শিক্ষার্থীরা নিরাপদে সরাসরি উপস্থিত হয়ে উচ্চ মানসম্মত কলেজের অভিজ্ঞতা লাভের অধিকার রাখে, এবং এসব নতুন পদক্ষেপের মধ্য দিয়ে শিক্ষার্থীরা ক্যাম্পাসে ও তাদের শ্রেণিকক্ষে থাকতে সক্ষম হবে। SUNY ও CUNY ইতোমধ্যে সাধারণ জনগোষ্ঠীর তুলনায় কোভিড-19 সংক্রমণের হার অনেক কম রাখার মধ্য দিয়ে মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে অসাধারণ ভূমিকা রেখেছে, এবং সবাইকে নিরাপদ রাখতে পরবর্তী পদক্ষেপ গ্রহণের এখনই সময়।"

নিয়মিতভাবে ক্যাম্পাসে থাকা শিক্ষার্থীদের মধ্যে যারা কোভিড-19 এর টিকার বুস্টার পাওয়ার যোগ্যতা রাখে তাদের জন্য এখন 2022 সালের বসন্ত সেমিস্টারের জন্য একটি বুস্টার ডোজ গ্রহণ আবশ্যিক করা হয়েছে। শিক্ষার্থীদের বুস্টার টিকা গ্রহণের প্রমাণ জমা দেয়ার জন্য ক্যাম্পাসগুলোকে অবশ্যই একটি পরিকল্পনা ও সময়সীমার আবশ্যিকতা প্রণয়ন করতে হবে।

এছাড়াও SUNY ও CUNY ক্যাম্পাসকে সেমিস্টারব্যাপী একটি চলমান পরীক্ষা কর্মসূচি বাস্তবায়ন করতে হবে, অথবা ইতোপূর্বে বাস্তবায়ন করে থাকলে তা অব্যাহত রাখতে হবে। ক্যাম্পাসগুলো একটি দৈবচয়নভিত্তিক নমুনা সংগ্রহের কর্মপদ্ধতি প্রণয়ন করবে, যেটি সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করা হবে। এছাড়াও ক্যাম্পাসগুলো বুস্টার গ্রহণকারীদের জন্য একটি অব্যাহতি প্রক্রিয়াও বাস্তবায়ন করবে। সব অনুষদ সদস্যের জন্য কোভিড-19 এর টিকা গ্রহণ করা আবশ্যিক।

SUNY কোভিড-19 কেস ট্র্যাকারে রিয়েল-টাইম ফলাফল জানাতে থাকবে যেটি [এখানে](#) পাওয়া যাবে। 2020 সালের হেমন্তকালীন সেমিস্টার শুরুর পর যখন শিক্ষার্থীরা সরাসরি উপস্থিত হয়ে ক্লাসে অংশগ্রহণের জন্য ফিরতে শুরু করেছিল, তখন থেকে SUNY ক্যাম্পাসে আনুমানিক তিন মিলিয়ন পরীক্ষা সম্পন্ন করেছে যেখানে পজিটিভ ফলাফলের গড় হার ছিল 0.45 শতাংশ, যা স্টেটব্যাপী ও আশেপাশের কমিউনিটির হারের তুলনায় অনেক কম।

CUNY এটির কোভিড-19 সুরক্ষা ট্র্যাকারে সাপ্তাহিক ফলাফল জানাতে থাকবে যেটি [এখানে](#) পাওয়া যাবে। 25 আগস্ট থেকে CUNY টিকা গ্রহণ না করা ব্যক্তিদের মধ্যে প্রায় 95,000 পরীক্ষা সম্পন্ন করেছে যেখানে পজিটিভ ফলাফলের গড় সামষ্টিক হার ছিল 0.50 শতাংশ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418